

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 18-11-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকাল ১১টায় আগরতলায় একসঙ্গে ২৪টি আয়রন রিমুভ্যাল প্ল্যাটের উদ্বোধন করবেন। আগরতলা পুর নিগমের পূর্ব জোনে চারটি, দক্ষিণ জোনে পাঁচটি, উত্তর জোনে ১২টি এবং সেন্ট্রাল জোনে তিনটি নতুন আইআরপির উদ্বোধন হবে। এই আইআরপিগুলি শহরে বিশুদ্ধ পানীয় জল পরিসেবা দেওয়ার ক্ষেত্রে কার্যকরী ভূমিকা গ্রহণ করবে।

* * * * *

CDD :

প্রতিরক্ষা মন্ত্রক আগামী ২৭শে নভেম্বর থেকে নতুনদিল্লিতে ২০২৫ সালের এবং তৃতীয় পর্বের চাণক্য প্রতিরক্ষা আলোচনার আয়োজন করবে। ভারতীয় সেনাবাহিনী, সেন্টার ফর ল্যান্ড ওয়ারফেয়ার স্টাডিজের সহযোগিতায়, মানেকশ সেন্টারে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী জাতীয় উন্নয়ন এবং নিরাপত্তার মধ্যে যোগসূত্র তুলে ধরে উল্লেখ করেন যে ২০৪৭ সালে বিকশিত ভারতের লক্ষ্য পূরণের জন্য সুস্থায়ী স্থিতিশীলতা এবং একটি নিরাপদ পরিবেশ প্রয়োজন। শ্রী দ্বিবেদী বলেছেন যে সন্ত্রাসী কার্যকলাপ দমনে অপারেশন সিন্দুর ছিল কেবল একটি ট্রেলার। তিনি বলেন, ভারত ভবিষ্যতে যেকোনো পরিস্থিতির জন্য প্রস্তুত।

Byte-Upendra Dwibedi # # # #

* * * * *

Panchayet Minister :

পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মন বলেছেন সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা জনগণের কাছে সঠিক সময়ে পৌঁছে দিতে হবে। গতকাল গোমতী জেলা পঞ্চায়েতরাজ ট্রেনিং ইনসিটিউটের কনফারেন্স হলে জেলাভিত্তিক পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। গ্রামোন্নয়ন দপ্তরের জেলা পঞ্চায়েত আধিকারিক কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের উপর বিস্তারিত আলোচনা করেন তিনি। উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

Pradhan Mantri Jan Vikas Karyakram :

প্রধানমন্ত্রী জনবিকাশ কার্যক্রম প্রকল্পের আওতায় মোহনভোগ ঝকের সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ৫টি গ্রামপঞ্চায়েত এলাকায় বসবাসকারী মানুষের আর্থসামাজিক মানোন্নয়নে সরকারি বিভিন্ন দপ্তরের মাধ্যমে কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে। এর মধ্যে খেলাধুলার সুবিধার্থে গ্যালারী নির্মাণ, উপস্থান কেন্দ্র ও কমিউনিটি হল নির্মাণ সহ বিদ্যালয়গুলোতে শ্রেণীকক্ষ নির্মাণ ইত্যাদি কাজে অগ্রাধিকার দেওয়া হবে। এবিষয়ে মোহনভোগ ঝকের ঝক পঞ্চায়েত রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্তের কথা জানান মোহনভোগ পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান জীতেন্দ্র দাস।

Inauguration of Tuisinta Lake :

এডিসির শিক্ষা বিভাগের কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা গতকাল হেজোমারা ঝকের সুবলসিংহিত তুইসিন্টা লেক-এ প্রমোশন অব কেজ কালচার ইন তুইসিন্টা লেক প্রকল্পের উদ্বোধন করেন। তিনি বলেন, এখানে ইকোট্যুরিজম গড়ে তোলার পাশাপাশি এলাকার সাধারণ জনগণের উন্নয়নের লক্ষ্যে তাদের কাছে সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ পৌঁছে দিতে হবে।

Nipun Tripura Fest-South :

বিলোনিয়া টাউন হলে গতকাল দক্ষিণ জেলা ভিত্তিক নিপুণ ত্রিপুরা ফেস্টের উদ্বোধন করেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। উৎসবে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রী ও অভিভাবকরা রান্না করা খাদ্য ও প্রাথমিক বিভাগের ছাত্র-ছাত্রীদের হাতে তৈরি শিথন সামগ্রী প্রদর্শন করা হয়।

Nesha Mukta Bharat Abhiyan :

বিলোনিয়া মহকুমার দক্ষিণ সোনাইছড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে গতকাল নেশা মুক্ত ভারত অভিযান সম্পর্কে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নেশার বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শপথ গ্রহণ করা হয়।

National Pharmacist Week :

জাতীয় ফার্মাসি সপ্তাহ উপলক্ষে গতকাল আমতলীস্থিত ভারত ফার্মাসিউটিক্যাল টেকনোলজি ফার্মাসি কলেজের উদ্যোগে আগরতলা সিটি সেন্টার থেকে জন সচেতনতা যাত্রার আয়োজন করা হয়। রাজ্য সরকারের ডেপুটি ড্রাগ কন্ট্রোলার সুরত দাস, ফার্মাসি কলেজের অধ্যাপক ডঃ শুভাশিস দেবনাথ প্রমুখ এই পদ্যাত্রায় অংশ নেন।

Tribute Ceremony :

রাজ্যের দুই প্রথিতযশা ও কিংবদন্তি বৃত্যগ্রন্থ প্রয়াত হীরা দে ও পম্বিনী চক্ৰবৰ্তীৰ স্মৃতিৰ প্রতি শ্ৰদ্ধা নিবেদন কৱতে আজ আগরতলার টাউন হলে শ্ৰদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। হেল্পিং হ্যান্ডস্ সামজিক সংস্থার উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে দুই বৃত্যগ্রন্থৰ প্রতি স্মৃতিচারণ কৱা হবে।

Blood Donation :

জিরানীয়া থানার উদ্যোগে গতকাল আরক্ষা দপ্তরের কর্মীদের উদ্যোগে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী। শিবিরে ৪০ জন রক্তদান করেন।

Football :

ইতিহাস গড়লো কলকাতারা ইস্টবেঙ্গল ক্লাব। প্রথম মহিলা ভারতীয় ক্লাব হিসেবে ইস্টবেঙ্গল AFC চ্যাম্পিয়ন্স লীগের মূলপর্বে ম্যাচ জিততে সক্ষম হলো। ইরানের সেরা ক্লাব বাম খাতুনকে হারালো ৩-১ গোলে। দেশের প্রথম ক্লাব হিসেবে ইস্টবেঙ্গল মহিলা ফুটবলে কোন বিদেশি দলকে হারানোর সম্মান পেলো।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
